

EV (10 ew) Lfp 4-5

(FeX10 / HeX 5H)

উট বলতেই আমাদের মরুভূমির কথা মনে পড়ে যায়। উট হল মরুভূমির যান। এখানে উটের কদর খুব বেশী। মরুভূমির মানুষের কাছে উটের বিকল্প নেই।

উট একটি চার পেয়ে গৃহপালিত তৃণভোজী প্রাণী। এর শরীর মরুভূমিতে বালির মধ্যে চলার উপযোগী। উটের পায়ের তলা এমন ভাবে তৈরি যে বালির ওপর দিয়ে চললেও ওদের পা বালিতে ডুবে যায় না। এমনকি প্রচন্ড জলকষ্টের মধ্যেও এরা চলাফেরা করতে পারে। এদের পাকস্থলিতে দুটি কক্ষ আছে। মরুভূমিতে চলার আগে একটা কক্ষ জলপূর্ণ করে নেয়। তাই পথে জলকষ্ট হয় না। উটের পিঠে একটা কুঁজ থাকে। এর ভেতরে একটা জিনিষ হয় যা প্রয়োজনের সময় উটের খাদ্য হয়। মরুভূমিতে যে কাঁটাগাছ ও খেঁজুর গাছ জন্মায় তা খেয়ে উট বেঁচে থাকে। উট খুব কষ্টসহিষ্ণু প্রাণী। মরুভূমির কোথায় জল আছে, কখন বালিকড় উঠবে, তা তারা বুঝতে পারে। মরুভূমিতে উটের প্রধান কাজ মানুষ আর মালপত্র বহন করা।

(ক) আরকেড ইনফোটেক ২০১৪